



ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনায় বিশ্ববাজারে তেলের দাম উর্ধ্বমুখী



সংগৃহীত ছবি

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন করে উত্তেজনা বৃদ্ধি পাওয়ায় আন্তর্জাতিক বাজারে আবারও বেড়েছে অপরিশোধিত তেলের দাম। বুধবার (২৭ মে) বিশ্ববাজারে প্রতি ব্যারেল তেলের দাম ১০০ মার্কিন ডলার অতিক্রম করেছে বলে জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান।

বিশ্লেষকদের মতে, মধ্যপ্রাচ্যের অস্থির পরিস্থিতি এবং হরমুজ প্রণালিকে ঘিরে অনিশ্চয়তার কারণে তেলের বাজারে চাপ তৈরি হয়েছে। বিশেষ করে যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক হামলার পর ইরানের সঙ্গে সম্ভাব্য সমঝোতার আশাও দুর্বল হয়ে পড়েছে।

ঈদুল আজহার আগে তেলের মূল্যবৃদ্ধির প্রভাব মধ্যপ্রাচ্য ও এশিয়ার বিভিন্ন দেশে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এর আগে গত মাসেও সংঘাতের কারণে তেলের দাম বেড়ে ব্যারেলপ্রতি ১২৬ ডলার ছাড়িয়ে গিয়েছিল। পরে কূটনৈতিক অগ্রগতির আশায় দাম কিছুটা কমে এলেও নতুন উত্তেজনায় বাজার আবার অস্থির হয়ে উঠেছে।

জ্বালানি গবেষণা প্রতিষ্ঠান এইচএফআই রিসার্চ জানিয়েছে, সরবরাহ সংকট ও বৈশ্বিক মজুত কমে যাওয়ায় বাজার দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরবে কি না, তা নিয়ে শঙ্কা তৈরি হয়েছে। পাশাপাশি গ্রীষ্মকালীন ভ্রমণ মৌসুম সামনে থাকায় জ্বালানির চাহিদাও বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।